



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা - ১০০০।

পসব্য/প্রকা/প্রশা-১৬/ ২০২২-২৩ - ষুণ্ঠ৷

তারিখঃ ১৯.০১.২০২৩ খ্রি।

বিষয়ঃ হস্তমজুদ ও নিয়মবহিঃভূত বিতরণকৃত অনাদায়ী টাকা আদায় সংক্রান্ত অফিস আদেশ।

পল্লী সঞ্চয় ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষাকালে কতিপয় কর্মকর্তা-কর্মচারী সদস্যদের নিকট থেকে আদায়কৃত সঞ্চয় ও খণ্ডের টাকা হস্তমজুদ এবং আঞ্চীয়-স্বজন বা অন্যদের নামে খণ্ড গ্রহণ করে দীর্ঘদিন পার হলেও পরিশোধ করছেন না বলে জানা যায়, যা মোটেও গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায় উল্লিখিত অর্থ দ্রুত পরিশোধের লক্ষ্যে নিয়োজিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য সকলকে পরামর্শ দেয়া হলো -

০১. আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি: তারিখের মধ্যে কর্মকর্তা-কর্মচারী কর্তৃক উল্লিখিতভাবে গৃহীত টাকা (যদি থাকে) স্ব-স্ব দায়িত্বে সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করবেন;
০২. উক্ত সময়ের পরে নিরীক্ষা বা তদন্তে এ জাতীয় অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;
০৩. শাখার প্রধান হিসেবে শাখা ব্যবস্থাপক নিজ নিজ শাখাকে আর্থিক অনিয়মুক্ত ঘোষণা করার জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন, অন্যথায় শাখা ব্যবস্থাপককে সকল দায়-দায়িত্ব বহন করতে হবে।

সঠিক ব্যবস্থাপনা এবং সময়োপযোগী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের মধ্য দিয়ে শাখার সকল প্রকার অনিয়ম পরিহার করে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন তথা উপকারভোগী সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নে একযোগে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

(খান ইকবাল হাসান)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৪. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৫. অডিট প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক।
৬. সকল জেলা কর্মকর্তা ও আঞ্চলিক অডিট কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. শাখা ব্যবস্থাপক, সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৮. নথি।